বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৪৯ তারিখঃ ১৬জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
৩০ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৭৫ তম কমিশন সভা অদ্য ৩০/০৫/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১। কমিশন অদ্যকার সভায়, EXIM Bank Limited এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Non-convertible, Unsecured, Floating Rate, Mudaraba Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। Subordinated বন্ডটির কুপন হার ইসলামী ব্যাংক সমূহের স্থায়ী আমানত হিসাবের লভ্যাংশের ৬ মাসের গড় এর সাথে অতিরিক্ত মার্জিন ২% যোগ করে নির্ধারণ করা হবে, যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদের অনুকূলে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে EXIM Bank Limited এর Tier-2 মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিট/লটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Trustee হিসাবে "Sena Kalyan Insurance Company Limited" এবং Arranger হিসাবে কাজ করছে Standard Chartered Bank.

০২. কমিশন অদ্যকার সভায়, ''ফারইস্ট স্টক এন্ড বন্ড লিমিটেড'' কর্তৃক কমিশনের নির্দেশনা পরিপালনে ব্যর্থতা, পুঁজিবাজারের শৃংখলা রক্ষা এবং বিনিয়োগকারীদের স্বার্থে The Securities and Exchange Ordinance, 1969 এর সেকশন 20A এ প্রদত্ত ক্ষমতা বলে কমিশন কর্তৃক উক্ত কোম্পানির পরিচালনা পর্ষদ পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

30-05-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র